গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.৮৬

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩ / ১৬ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **বিভাগ/জেলা উন্নয়ন সমন্বয় কমিটি পুনর্গঠন।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ৫৭.০০.০০০০.০০০.০৪২.১৬.০০০২.২০.৫২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটি পুনর্গঠন বিষয়ক তথ্যাদি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ
(১) সমন্বয় কমিটি পুনর্গঠন পত্র

১৬-০৯-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। প্রকল্প পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪। অধ্যক্ষ (সকল), ---------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারি সার্ভে ইনস্টিটিউট, সরকারি গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ সরকারি ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ----------।
৫। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৬। অধ্যক্ষ (সকল), ----------, সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ----------।
৭। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
৯। প্রকল্প কর্মকর্তা/ইকুইপমেন্ট অফিসার/ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংযুক্ত কর্মকর্তা (সকল শাখা/সেল/ইউনিট), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.৮৬/১ (৫)

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩ / ১৬ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সংরক্ষণ নথি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৬-০৯-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.১৬.০০০২.২০.৫২

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ / ১০ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **বিভাগ/জেলা উন্নয়ন সমন্বয় কমিটি পুনর্গঠন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.০০০.৫১২.০৬.০০০১.২৬.২৯৪; তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচি, উন্নয়ন প্রকল্প ও অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের তত্ত্বাবধানে মাঠপর্যায়ের দপ্তরসমূহ বাস্তবায়ন করে থাকে। এসব কার্যক্রম দ্রুত ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য মাঠপর্যায়ের দপ্তরসমূহের পারস্পরিক সহযোগিতা ও আন্তঃবিভাগীয় সমন্বয় অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়াও, বিভাগ/জেলায় প্রকল্প গ্রহণ, যৌক্তিকভাবে প্রকল্প এলাকা নির্ধারণ, প্রকল্পের দ্বৈততা পরিহার, উপকারভোগী নির্বাচন, প্রকল্প পরিবীক্ষণ, বাস্তবায়নাধীন প্রকল্পের সমস্যা চিহ্নিতকরণ এবং আওতাধীন বিভাগ ও জেলা পর্যায়ের দপ্তরসমূহের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমসহ সকল কর্মসূচি আরও গতিশীল ও ফলপ্রসূ করার লক্ষ্যে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটি পুনর্গঠন করা হয়েছে।

এমতাবস্থায়, বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটি পুনর্গঠন বিষয়ক তথ্যাদি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যএতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র

সংযুক্তিঃ

(১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র

১০-০৯-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব
ফোন : ০২৫৫১০১৩৪৮
ইমেইল : sascordinet@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক [যুগ্মসচিব] ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৫। পরিচালক(যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.১৬.০০০২.২০.৫২/১ (৪)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ / ১০ সেপ্টেম্বর ২০২৬

চলমান পাতা - ১ / ২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ [দৃ: আ: উপসচিব (মাঠ প্রশাসন সংযোগ শাখা)] ।

২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-৩, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৪। অফিস, কপি।

১০-০৯-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.০৬.০০০১.২৬.২৯৪

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩ / ০৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **বিভাগ/জেলা উন্নয়ন সমন্বয় কমিটি পুনর্গঠন।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নম্বর: ০৩.০৪.০০০০.০৬৯.০৬.০০৩.২৬-৬০ তারিখ: ১৮.৮.২০২৬

সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচি, উন্নয়ন প্রকল্প ও অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের তত্ত্বাবধানে মাঠপর্যায়ের দপ্তরসমূহ বাস্তবায়ন করে থাকে। এসব কার্যক্রম দ্রুত ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য মাঠপর্যায়ের দপ্তরসমূহের পারস্পরিক সহযোগিতা ও আন্তঃবিভাগীয় সমন্বয় অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়াও, বিভাগ/জেলায় প্রকল্প গ্রহণ, যৌক্তিকভাবে প্রকল্প এলাকা নির্ধারণ, প্রকল্পের দ্বৈততা পরিহার, উপকারভোগী নির্বাচন, প্রকল্প পরিবীক্ষণ, বাস্তবায়নাধীন প্রকল্পের সমস্যা চিহ্নিতকরণ এবং তা সমাধানে বিভাগ ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটিসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এমতাবস্থায়, প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভাগ ও জেলা পর্যায়ের দপ্তরসমূহের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমসহ সকল কর্মসূচি আরও গতিশীল ও ফলপ্রসূ করার লক্ষ্যে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি

(ক) গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. কমিশনার	:	সভাপতি
২. বিভাগীয় পর্যায়ের সকল দপ্তর-প্রধান	:	সদস্য
৩. পরিচালক, স্থানীয় সরকার	:	সদস্য
৪. সংশ্লিষ্ট বিভাগের জেলা প্রশাসকগণ	:	সদস্য
৫. সংশ্লিষ্ট বিভাগের সিটি করপোরেশন/করপোরেশনসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে)	:	সদস্য
৬. সংশ্লিষ্ট বিভাগের জেলা পরিষদসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ	:	সদস্য
৭. সংশ্লিষ্ট বিভাগের জোনাল সেটেলমেন্ট অফিসারগণ	:	সদস্য
৮. সভাপতি কর্তৃক মনোনীত স্থানীয় পর্যায়ের ৩ (তিন) জন গণ্যমান্য ব্যক্তি (১ জন নারী প্রতিনিধিসহ)		সদস্য
৯. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)	:	সদস্য সচিব

উক্ত কমিটি প্রয়োজনবোধে কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগে অবস্থিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানের প্রধান কিংবা তাঁর উপযুক্ত প্রতিনিধিকে কমিটিতে সহযোজন (Co-opt) করতে কিংবা কোন সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

(খ) কার্যপরিধি:

১. বিভিন্ন অধিদপ্তর/সংস্থার আওতায় গৃহীত উন্নয়ন কার্যক্রম/কর্মসূচি/দাপ্তরিক সেবাসহ বিভাগীয় অফিসসমূহের সকল গুরুত্বপূর্ণ কার্যক্রমের পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;

২. জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কার্যক্রম পরিবীক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে উক্ত কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

৩. জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কার্যক্রমে সমন্বয়ের অভাব পরিলক্ষিত হলে তা দূরীকরণের ব্যবস্থা গ্রহণ;

৪. সময়ে সময়ে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি পরিদর্শন এবং প্রকল্প/কর্মসূচি-সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

৫. দেশের কিংবা সংশ্লিষ্ট এলাকার আর্থসামাজিক উন্নয়নে কোন প্রকল্প/কর্মসূচির প্রভাব (impact) পর্যালোচনা;

৬. উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনাপূর্বক সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;

৭. কমিটির সুপারিশ/সিদ্ধান্ত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ; এবং

৮. প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী দপ্তর থেকে প্রাসঙ্গিক তথ্য/প্রতিবেদন সংগ্রহ, সেগুলি পর্যালোচনা এবং প্রয়োজনে এ

যুগ্মসচিব (প্রশাসন-১) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং: ৭৭৭
তারিখ: ৮/৯/২৬
☐ উপসচিব/সি:সহ:সচিব (সকল)
☐ উপসচিব/সি:সহ:সচিব (সকল)
☐ সি:এনালিস্ট/প্রোগ্রামার (সকল)
☐ ব্যক্তিগত কর্মকর্তা
☐ অন্যান্য
যুগ্মসচিব (প্রশাসন-১) অধিশাখা

শাখাপ্রধান (সমন্বয়): দেখুন।
০৩ (তিন) কপি।
দেখা কিনা?

০৮.০৯.২০২৬

আলিমুল ইসলাম (১৫০১৩)
যুগ্মসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

AO
০৮/৯/২৬

চলমান পাতা - ১/৩

বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ।

(গ) কর্মপদ্ধতি:

১. প্রতি দুই মাস অন্তর সংশ্লিষ্ট মাসের তৃতীয় সোমবার সভার আয়োজন;
২. নির্ধারিত তারিখে ছুটি থাকলে পরবর্তী প্রথম কার্যদিবসে সভার আয়োজন;
৩. জরুরি প্রয়োজনে দুই মাস অতিক্রান্ত হওয়ার পূর্বেই সভা আহ্বান;
৪. সংশ্লিষ্ট দপ্তরসমূহের নিকট হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে সভার কার্যপত্র প্রণয়ন;
৫. সভায় সদস্যগণের উপস্থিতি নিশ্চিতকরণ, এবং
৬. সভার কার্যবিবরণী দ্রুত সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ।

জেলা উন্নয়ন সমন্বয় কমিটি: (পার্বত্য জেলাসমূহ ব্যতীত)
(ক) গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক	:	সভাপতি
২. জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান	:	সদস্য
৩. জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা	:	সদস্য
৪. উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ	:	সদস্য
৫. সংশ্লিষ্ট জেলার উপজেলা পরিষদসমূহের চেয়ারম্যানগণ	:	সদস্য
৬. সংশ্লিষ্ট জেলার পৌরসভাসমূহের মেয়রগণ	:	সদস্য
৭. উপজেলা নির্বাহী অফিসারগণ	:	সদস্য
৮. সভাপতি কর্তৃক স্থানীয় পর্যায়ের ৩ (তিন) জন গণ্যমান্য ব্যক্তি (১ জন নারী প্রতিনিধিসহ)		সদস্য
৯. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	:	সদস্য সচিব

উক্ত কমিটি প্রয়োজনবোধে কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জেলা পর্যায়ের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট জেলায় অবস্থিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানের প্রধান কিংবা তাঁর উপযুক্ত প্রতিনিধিকে কমিটিতে সহযোজন (Co-opt) করতে কিংবা কোন সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

(খ) কার্যপরিধি:

১. বিভিন্ন অধিদপ্তর/সংস্থার আওতায় গৃহীত উন্নয়ন কার্যক্রম/কর্মসূচি/দাপ্তরিক সেবাসহ জেলা অফিসসমূহের সকল গুরুত্বপূর্ণ কার্যক্রমের পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;
২. সময়ে সময়ে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি পরিদর্শন এবং প্রকল্প/কর্মসূচি-সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
৩. উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনাপূর্বক বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি/সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;
৪. দেশের কিংবা সংশ্লিষ্ট এলাকার আর্থসামাজিক উন্নয়নে কোন প্রকল্প/কর্মসূচির প্রভাব (impact) পর্যালোচনা;
৫. প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী দপ্তর থেকে প্রাসঙ্গিক তথ্য/প্রতিবেদন সংগ্রহ, সেগুলি পর্যালোচনা এবং প্রয়োজনে এ বিষয়ে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি/সরকারের দৃষ্টি আকর্ষণ;
৬. কমিটির সুপারিশ/সিদ্ধান্ত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ; এবং
৭. বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির পরামর্শ পর্যালোচনান্তে বাস্তবায়ন।

(গ) কর্মপদ্ধতি:

১. প্রতি মাসের তৃতীয় রবিবার সভার আয়োজন;
২. নির্ধারিত তারিখে ছুটি থাকলে পরবর্তী প্রথম কার্যদিবসে সভার আয়োজন;
৩. প্রয়োজনবোধে জরুরি সভা আহ্বান;
৪. সংশ্লিষ্ট দপ্তরসমূহের নিকট হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে সভার কার্যপত্র প্রণয়ন ;
৫. সভায় সদস্যগণের উপস্থিতি নিশ্চিতকরণ , এবং
৬. সভার কার্যবিবরণী দ্রুত সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ; এবং
৭. কমিটির কার্যক্রম সম্পর্কে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি এবং সরকারকে নিয়মিতভাবে অবহিতকরণ।

২। বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কার্যকারিতা নির্ভর করে প্রধানত সভার কার্যপত্র প্রণয়নের জন্য সংশ্লিষ্ট

দপ্তরসমূহ কর্তৃক যথাসময়ে তথ্যাদি প্রেরণ, সভায় সদস্যদের ব্যক্তিগত উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণ এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টার ওপর। জনস্বার্থ বিবেচনায় সরকার সমন্বয় কমিটিসমূহের কার্যক্রমের ওপর সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে। উল্লেখ্য, বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় প্রত্যেক সদস্যের উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে।

৩। এ স্মারকের বিধানাবলি অবিলম্বে কার্যকর হবে।

৪। ইতঃপূর্বে এ সংক্রান্ত জারিকৃত স্মারক/আদেশ বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি: বর্ণনামতে

সংযুক্তিঃ
(১) বর্ণনামতে

০৩-০৯-২০২৬
এ. এইচ. এম. মাহফুজুর রহমান
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৫৭
ইমেইল : dfal_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩। কমিশনার (সকল বিভাগ)।
৪। জেলা প্রশাসক (পার্বত্য জেলাসমূহ ব্যতীত সকল জেলা)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.০৬.০০০১.২৬.২৯৪/১ (১)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

০৩-০৯-২০২৬
এ. এইচ. এম. মাহফুজুর রহমান
উপসচিব